# জানাযার বিধিবিধান

বিভাগ/অধ্যায়ঃ জানাযার বিধিবিধান সংক্রান্ত ৭০টি প্রশ্ন

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ ইবন সালেহ আল-উসাইমীন রহ.

৬২: ক্ববরে মৃত ব্যক্তির জন্য ‘ক্বাতীফা’ বা মখমল ও রেশমী জাতীয় কাপড় দেওয়ার হুকুম কি? ছহীহ মুসলিমে এসেছে, ইবনু আব্বাস রাদিয়াল্লাহু ‘আনহু রাসূল সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম–এর ক্ববরে লাল ক্বাতীফা দিয়েছিলেন।[1]

কেউ কেউ ক্ববরে ক্বাতীফা দেওয়ার পক্ষে মত প্রকাশ করলেও এ বিষয়ে আমার দ্বিমত রয়েছে। কেননা কোনো একজন ছাহাবী থেকেও বর্ণিত হয় নি যে, তারা এমনটি করেছেন। তবে হতে পারে যে, তা রাসূল সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম–এর জন্য নির্দিষ্ট ছিল। দ্বিতীয়তঃ যদি এমন পদ্ধতি চালু করা হয়, তাহলে মানুষ প্রতিযোগিতায় নেমে পড়বে এবং প্রত্যেকে চাইবে তার নিজস্ব মৃত ব্যক্তির ক্ববরে অন্যের চেয়ে সুন্দর কাপড় দিতে। অবশেষে ক্ববরসমূহ মানুষের অহংকারের স্থানে পরিণত হবে।

## ফুটনোট

[1]. মুসলিম, ‘জানাযা’ অধ্যায়, হা/৯৬৭।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1719

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন